

পরীক্ষার প্রবেশপত্র থাকলেই হলে ওঠা যাবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৬ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৫ ফেব্রুয়ারি ২০২১ ২৩:২১



আগামী ১৩ মার্চ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আবাসিক হলগুলো সীমিত পরিসরে খোলা হবে। শুরুতে শুধু অনার্স শেষবর্ষ এবং মাস্টার্সের পরীক্ষার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে হলে তুলতে তালিকা তৈরি করছে প্রশাসন। পরীক্ষার প্রবেশপত্রধারী সংশ্লিষ্ট আবাসিক শিক্ষার্থীরা শুধু পরীক্ষা চলাকালে হলে অবস্থান করতে পারবেন এবং পরীক্ষা শেষ হলেই হল ত্যাগ করবেন। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এসব তথ্য জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী, কোন কোন আবাসিক পরীক্ষার্থী ১৩ মার্চ তারিখে আবাসিক হলে উঠবে- তা ৩ মার্চ তারিখের মধ্যে বিভাগ, ইনস্টিটিউট হল থেকে জানানো হবে। এভাবে পর্যায়ক্রমে অন্তত এক সপ্তাহ আগে অন্যদেরকেও জানানো হবে।

জনসংযোগ দপ্তর থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে জনসমাগম এড়ানোর জন্য এ বছর সংগঠন পর্যায়ে একটি ব্যানারের অধীনে সর্বোচ্চ পাঁচজন এবং ব্যক্তিপর্যায়ে সর্বোচ্চ দুজন শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করতে পারবেন। এ ক্ষেত্রে সবাইকে স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে এবং মাস্ক পরিধান করতে হবে।

গতকাল ক্যাম্পাসের ক্রিয়াশীল বিভিন্ন ছাত্র সংগঠন নিয়ে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এ সভার সভাপতিত্ব করেন উপাচার্য মো. আখতারুজ্জামান।

সভায় উপ-উপাচার্য (প্রশাসন) মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, প্রক্টর

একেএম গোলাম রব্বানী, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মো. রহমত উল্লাহ, সাধারণ সম্পাদক মো. নিজামুল হক ভূঁইয়াসহ ক্যাম্পাসে ক্রিয়াশীল বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন দায়ের চৈদিক

আমাদের সময়

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy